

জুলাই/ ২০২০ ইং মাসের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

সভাপতিঃ ডাঃ মোঃ ইমরান হোসেন খান, রেজিস্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল।
সভার তারিখঃ ০৭/০৭/২০২০ইং
সভার সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা
স্থানঃ বাঃ ভেঃ কাঃ অধিবেশন কক্ষ
উপস্থিতিঃ পরিশিষ্ট “ক”


সভাপতি মহোদয় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ২০১৯-২০২০ এর কর্মপরিকল্পনার সার্বিক কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে সকলকে অবহিত করেন এবং তিনি জানান যে, ইনোভেশন বার্ষিক কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ অনুসারে আমাদের সকল কার্যক্রম যথাযথভাবে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে পেরেছি। এজন্য তিনি টিমের সকল সদস্যকে ধন্যবাদ জানান। সভাপতি অত্র দপ্তরের ইনোভেশন টিমের সদস্য-সচিব ডাঃ গোপাল চন্দ্র বিশ্বাসকে এ বিষয়ে বিস্তারিত তথ্য উপস্থাপনের জন্য নির্দেশ দেন। বিস্তারিত তথ্য অবগত হয়ে সকলে সন্তোষ প্রকাশ করেন। অতঃপর টিমের সদস্য-সচিব বলেন, ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার খসড়া সভায় উপস্থাপন করেন। তিনি উপস্থাপিত খসড়ার চুলছেড়া বিশ্লেষণ করে ইহা চূড়ান্ত করার জন্য সকলকে অনুরোধ করেন। বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো ২০২০-২০২১ অনুযায়ী অত্র দপ্তরের মোট ১৫ টি উদ্দেশ্য ও ৩৩ টি কার্যক্রম পরিচালনা করতে হবে এবং প্রতিটি কার্যক্রমের অনুকূলে কর্মসম্পাদন সূচকের মান বরাদ্দ আছে। কিছু কিছু কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে নির্ধারিত তারিখ উল্লেখ আছে। অর্থাৎ নির্ধারিত তারিখের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন করতে না পারলে পূর্ণ নম্বর পাওয়া যাবে না। কাজেই সার্বিক লক্ষ্যমাত্রা অর্জনের জন্য টিমের সদস্যদের পাশাপাশি সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে সচেতনতা বৃদ্ধির উপর গুরুত্ব আরোপ করার জন্য অনুরোধ জানান। বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং ইহা চূড়ান্ত করা হয়।

চীফ ইনোভেশন অফিসার ডাঃ মোঃ ইমরান হোসেন খান বলেন, ২০২০-২০২১ এর বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে চেকলিস্ট তৈরি করে সে অনুযায়ী কার্যক্রম পরিচালনা করার নির্দেশ দেন এবং গত অর্থবছরের মতো এ অর্থবছরও আন্তরিকভাবে ইহা বাস্তবায়ন করার জন্য টিমের সকলকে আহ্বান জানান।

আলোচনান্তে সিদ্ধান্ত নেয়া হয় যে –

- ১। ২০২০-২০২১ এর বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করা।
- ২। ২০২০-২০২১ এর বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে চেকলিস্ট তৈরি করা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ডাঃ মোঃ ইমরান হোসেন খান)

রেজিস্ট্রার।